

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৯৮]

৫২/ তাফসীর (কتاب تفسير)

পরিচ্ছেদঃ আল্লাহ্ তা'আলার বাণীঃ "নিশ্যই আল্লাহ্ এবং তার ফেরেশতারা নবীর প্রতি দুরুদ পাঠ করেন। হে মুমিনগণ (তোমরাও) তার প্রতি দুরুদ ও সালাম পাঠ কর। আবুল 'আলীয়া (রহ.) বলেন, আল্লাহর সালাতের অর্থ নাবীর প্রতি ফেরেশতাদের সামনে আল্লাহর প্রশংসা। ফেরেশতার সালাতের অর্থ- দু'আ। ইবনু 'আবাস (রাঃ) বলেন, নবী আমি তোমাকে বিজয়ী করব।

[ص: 1802] باب قوله إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يَصْلُونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلَوَاتُهُ وَسَلَامُهُ وَسَلِيمًا قَالَ أَبُو الْعَالِيَّةِ صَلَوةُ اللَّهِ ثَنَاءً عَلَيْهِ عِنْدَ الْمَلَائِكَةِ وَصَلَوةُ الْمَلَائِكَةِ الدُّعَاءُ قَالَ أَبُو عَبَّاسٍ يَصْلُونَ يَبْرُكُونَ لِنَفْرِيْنِكَ لِنَسْلَطَنِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ، حَدَّثَنَا الْلَّيْثُ، قَالَ حَدَّثَنَا ابْنُ الْهَادِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَابٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ هَذَا التَّسْلِيمُ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ قَالَ قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ عَبْدِكَ وَرَسُولِكَ، كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ، وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ". قَالَ أَبُو صَالِحٍ عَنِ الْلَّيْثِ "عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ".

বাংলা

৪৪৩৯। আবদুল্লাহ ইবনু ইউসুফ (রহঃ) ... আবু সাউদ খুদুরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম, ইয়া রাসূলুল্লাহ! এ তো হল সালাম পাঠ; কিন্তু কেমন করে আমরা আপনার প্রতি দরুদ পাঠ করব? তিনি বললেন, তোমরা বলবে, "হে আল্লাহ! আপনার বান্দা ও আপনার রাসূল মুহাম্মাদ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহাম্মাদ এর প্রতি রহমত বর্ষণ করুন, যেভাবে রহমত অবতীর্ণ করেছেন ইব্রাহীমের পরিজনের প্রতি এবং মুহাম্মাদসালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি ও মুহাম্মাদের পরিজনের প্রতি বরকত অবতীর্ণ করুন, যেভাবে বরকত অবতীর্ণ করেছেন ইব্রাহীম (আলাইহিস সালাম) এর প্রতি।

তবে বর্ণনাকারী আবু সালিহ লায়েস থেকে বর্ণনা করেছেন মুহাম্মাদ ও তার পরিজনের প্রতি বরকত অবতীর্ণ করুন যেমন আপনি বরকত অবতীর্ণ করেছেন ইব্রাহীমের পরিজনের প্রতি।

English

Narrated Abu Sa`id Al-Khudri:

We said, "O Allah's Messenger (ﷺ)! (We know) this greeting (to you) but how shall we invoke Allah for you?" He said, "Say! Allahumma salli ala Muhamadin `Abdika wa rasulika kama- sallaita 'ala all Ibrahim wa barik ala Muhamadin wa'ala all Muhamadin kama barakta 'ala all Ibrahim.' Al-Laith said: 'Ala Muhamadin wa 'ala all Muhamadin kama barakta ala all Ibrahim.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4717>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন